

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- স্বাপকম/প্রশা-১/বিবিধ-০৯/২০০৯/

তারিখঃ ২০/১২/১৪২২ বঙ্গাব্দ
০৩/০৮/২০১৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ‘রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভস ইন বাংলাদেশ (আরসিএইচসিআইবি)’ শীর্ষক ২য় সংশোধিত প্রকল্পটি ‘কমিউনিটি বেইজড হেলথ কেয়ার’ শীর্ষক অপারেশন প্লানের আওতায় জুলাই, ২০১১ হতে জুন, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হওয়ায় ডাঃ মাখদুম মার্গিস-কে জাতীয় বেতনক্ষেত্র, ২০০৯ এর প্রেড-১ বেতনক্রমে ‘কমিউনিটি বেইজড হেলথ কেয়ার’ এর চীফ কো-অর্ডিনেটর পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হয়। কমিউনিটি বেইজড হেলথ কেয়ার এর চীফ কো-অর্ডিনেটর পদে চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা নিয়রূপ দায়িত্ব পালন করবেন।

১. Community Based Health Care এর কার্যাবলী সুনির্দিষ্ট ও সুশ্রেষ্ঠ পদ্ধতিতে সম্পাদনের লক্ষ্যে কার্যবিধিমালা ১৯৯৬ ও সচিবালয়ের নির্দেশমালা ২০১৪ অনুসরণের মাধ্যমে এবং বিদ্যমান সরকারের নীতি, প্রচলিত বিধিবিধান ও উর্ধ্বতন কর্তৃপক্ষের প্রশাসনিক নির্দেশনা অনুসারে কার্যাবলী সম্পাদন করবেন;
২. যে সকল বিষয়ে দায়িত্ব প্রাপ্ত মন্ত্রী, প্রতিমন্ত্রী, সচিবের নিকট পেশ করতে হবে এবং কার্যবিধিমালা অনুযায়ী সে সকল বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করতে হবে সে সকল বিষয় যাতে স্বয়ংসম্পূর্ণভাবে পেশ করা হয় তা নিশ্চিত করবেন ;
৩. তিনি কমিউনিটি ক্লিনিক, সিবিএইচসি বা কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম ভবিষ্যতে যে নামেই অভিহিত হোক না কেন চীফ কো-অর্ডিনেটর হিসেবে গণ্য হবেন;
৪. সিএইচসিপি নিয়োগ, কমিউনিটি ক্লিনিকের ঔষধসহ অন্যান্য সামগ্রী সংগ্রহ ও সরবরাহ, সুপারভিশন, মনিটরিং, আইটি নির্ভর এমআইএস, সরকারি বেসরকারি সংগঠনের মধ্যে সমন্বয়সহ একটি বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসরণে লাইন ডাইরেক্টরকে নির্দেশনা প্রদান করবেন;
৫. কমিউনিটি ক্লিনিক নির্মাণে স্থান নির্ধারণ, নির্মাণ ও মেরামত পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে লাইন ডাইরেক্টরকে নির্দেশনা প্রদান করবেন;
৬. কমিউনিটি শুপ, কমিউনিটি সাপোর্ট শুপসমূহের প্রশিক্ষণ সংক্রান্ত ম্যানুয়েল প্রণয়নের ক্ষেত্রে লাইন ডাইরেক্টরকে প্রারম্ভ প্রদান করবেন;
৭. তিনি মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে কমিউনিটি ক্লিনিকের যাবতীয় মালামাল/সম্পদ বিধিবিধান অনুসরণ করে ত্রুয়, বিক্রয়, নিলাম কার্য পরিচালনায় লাইন ডাইরেক্টরকে নির্দেশনা প্রদান করবেন;
৮. কমিউনিটি ক্লিনিক সংশ্লিষ্ট সকল প্রকার প্রশিক্ষণ তাহার নির্দেশনা মোতাবেক পরিচালিত হবে;
৯. তিনি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, আন্তঃমন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, সরকারের অন্যান্য অধিদপ্তরসমূহের সাথে কর্ম পরিচালনা ও সমন্বয়ে কার্য সম্পাদন করবেন;
১০. তিনি আন্তর্জাতিক সংস্থাগুলোর সাথে সমন্বয়ের কার্য পরিচালনা করবেন;
১১. নিষ্পত্তির অপেক্ষায় এক মাসেরও অধিককাল ধরে পড়ে থাকা সকল বিষয় পর্যালোচনার জন্য অধীনস্থ কর্মকর্তাদের সাথে কর্মপক্ষে মাসে একবার মিলিত হবেন;
১২. ক্ষেত্রসংগত সময় অন্তর অন্তর আকস্মিকভাবে কমিউনিটি ক্লিনিক বা সংশ্লিষ্ট অফিসসমূহ পরিদর্শন করবেন;
১৩. অধীনস্থ কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় অনুবেদন অনুস্থান ও প্রতিস্থান করবেন;
১৪. এতদ্বারা আইন/বিধিমূলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত দায়িত্ব পালন করবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫/১

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)

উপসচিব


ফোনঃ ৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd

অপর পাতা দ্রষ্টব্য

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। ডাঃ মাখদুমা নার্গিস, চীফ কো-অর্ডিনেটর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন, মহাখালী, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। ফুল্মসচিব (প্রকল্প বাস্তবায়ন), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। উপসচিব (প্রবা-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা।
- ১৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১৫। সিষ্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(মোঃ ফাহিমজুর রহমান চৌধুরী)

উপসচিব